

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫৩৭

আগরতলা, ১০ জানুয়ারি, ২০২৪

সুলতান শাহ দরগায় সংহতি মেলার উদ্বোধন
মেলা মানুষের সমাগমে পূর্ণতা পায় : বিধানসভার উপাধ্যক্ষ

ডুকলি ব্লকের আনন্দনগরের সুলতান শাহ দরগায় আজ থেকে ৫ দিনব্যাপী সংহতি মেলার সূচনা হয়েছে। আজ সন্ধ্যায় সংহতি মেলার উদ্বোধন করেন বিধানসভার উপাধ্যক্ষ রামপ্রসাদ পাল। মেলার উদ্বোধন করে তিনি বলেন, সুলতান শাহ দরগার সংহতি মেলা রাজ্যের মানুষের কাছে আলাদা ভাবে স্থান করে নিয়েছে। এই মেলা রাজ্যে সম্প্রীতির বাতাবরণকে সুদৃঢ় করে আসছে। তিনি বলেন, বহু বছর আগে এক পীর এখানে এসে মানুষের মঙ্গল কামনায় কাজ করেছিলেন। তাঁর স্মৃতিকে স্মরণ করেই এখানে সর্ব ধর্মের মানুষের মিলনে সংহতি মেলার আয়োজন করা হয়। বিধানসভার উপাধ্যক্ষ শ্রীপাল আরও বলেন, মেলা মানুষের সমাগমে পূর্ণতা পায়। তাছাড়াও মেলা এখন রোজগারেও একটি মাধ্যম হয়ে উঠেছে।

মেলার উদ্বোধনী অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন ডুকলি ব্লকের বিডিও স্বরূপ কুমার পাল। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন ডুকলি পঞ্চায়েত সমিতির সদস্য নারায়ণ চক্রবর্তী, রাজ্য হজ কমিটির চেয়ারম্যান শাহআলম মজুমদার, পশ্চিম ত্রিপুরা জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের সহ অধিকর্তা অমৃত দেববর্মা প্রমুখ। উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সমাজসেবী মলয় লোধ, মেলা উপলক্ষে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের উদ্যোগে সজী ও পুষ্প প্রদর্শনের আয়োজন করা হয়েছে। পাঁচদিন ব্যাপী মেলার প্রতিদিন সন্ধ্যায় তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।
